

বাছাইকৃত কর্মসূচি

বাছাইকৃত কর্মসূচিতে আবেদনকারীগণকে মূল্যায়ন করা হয় তাদের অ্যাকাডেমিক গ্রেড, প্রমিত পরীক্ষার ফল, উপস্থিতি এবং সময়ানুবর্তিতার ভিত্তিতে। যদি কোন কর্মসূচি “বাছাইকৃত,” হিশেবে তালিকাভুক্ত হয়, তার অর্থ দাঁড়ায় কর্মসূচিটির একটি নির্দিষ্ট মাপকাঠি আছে যা দিয়ে শিক্ষার্থীকে ভর্তির জন্য মূল্যায়ন করা হয়।

অ্যাকাডেমিক বাছাইয়ের মান

উচ্চ অ্যাকাডেমিক বাছাইয়ের সাধারণ শর্ত:

- প্রধান বিষয়গুলোতে ৮৫-৯০% (ন্যূনতম) নম্বর
- পরীক্ষায় ৩-৪ স্তরের ফল
- ভালো উপস্থিতি এবং সময়ানুবর্তিতা

অ্যাকাডেমিক বাছাইয়ের সাধারণ শর্ত:

- প্রধান বিষয়গুলোতে ৭০-৮০% (ন্যূনতম) নম্বর
- পরীক্ষায় ২-৪ স্তরের ফল
- ভালো উপস্থিতি এবং সময়ানুবর্তিতা

এছাড়া, কিছু বাছাইকৃত কর্মসূচি নিচে উল্লিখিত এক বা একাধিক মাপকাঠি দিয়ে আবেদনকারীদের মূল্যায়ন করে:

কর্মকাণ্ড	বিবরণ
লেখার নমুনা	<ul style="list-style-type: none">• নিচের যেকোন একটি (অথবা একাধিক) সংশ্লিষ্ট হতে পারে:<ul style="list-style-type: none">○ কোন রচনা যা আপনার স্কুলের শিক্ষকগণ মূল্যায়ন করে গ্রেড দিয়েছেন○ কোন রচনা যা হাই স্কুল পরিদর্শনের সময় “তাৎক্ষণিকভাবে” আপনি লিখেছেন○ হাই স্কুলের কোন নির্দিষ্ট উদ্যোগে নিজস্ব সময়ে লেখা রচনা• স্কুল কোন ব্যক্তিগত অথবা কোন উদ্ভূত, বর্তমান অথবা ঐতিহাসিক অনুষ্ঠান, অথবা অন্য কোন উদ্যোগের প্রতিক্রিয়ায় একটি রচনা লিখতে বলতে পারে
ইন্টারভিউ	<ul style="list-style-type: none">• একজনের জন্য একজন অথবা গ্রুপে ইন্টারভিউ নেয়া হতে পারে• কোন একটি কাঠামোয় (নির্দিষ্ট প্রশ্নসহ) অথবা কাঠামোহীন (সামনে পিছনে কথাবার্তা) আলোচনার মাধ্যমে ইন্টারভিউ নেয়া হতে পারে
গ্রুপভিত্তিক কর্মকাণ্ড	<ul style="list-style-type: none">• দলীয়ভাবে সমস্যা সমাধান, সহযোগিতা এবং গল্পবলা এর মধ্যে থাকতে পারে• শিক্ষার্থীরা তাদের সহপাঠীদের সাথে কীভাবে আচরণ করে স্কুল সেটিও মূল্যায়ন করতে পারে
কোয়ালিফায়িং অ্যাসেসমেন্ট/ডায়গনস্টিক টেস্ট	<ul style="list-style-type: none">• বাছাইকৃত কর্মসূচির যেকোন কোয়ালিফায়িং অ্যাসেসমেন্ট অথবা ডায়গনস্টিক টেস্ট স্কুল-ভিত্তিক (যার অর্থ প্রত্যেকটি স্কুল পৃথকভাবে তাদের নিজস্ব মূল্যায়ন পরীক্ষা তৈরি এবং পরিচালনা করবে)• স্কুল-ভিত্তিক মূল্যায়নকে স্পেশালাইজড হাই স্কুল ভর্তি পরীক্ষার(এসএইচএসএটি) সাথে গুলিয়ে ফেলা যাবে না, এসএইচএসএটি পরীক্ষাটি দিতে হয় আর্টস স্পেশালাইজড হাই স্কুলের যেকোনটিতে ভর্তি হবার জন্য।
অ্যাকাডেমিক পোর্টফোলিও	<ul style="list-style-type: none">• কোন বিষয়ে অথবা বিষয়ের বাইরে আপনার অ্যাকাডেমিক কাজকর্মের সংগ্রহ• বিশেষ কোন শর্ত সম্পর্কে স্কুলে খোঁজ নিন
অনলাইন কর্মকাণ্ড	<ul style="list-style-type: none">• কোন রচনা অথবা লেখার নমুনা হতে পারে• অনলাইন ভিডিও, রিডিং, প্রতিকৃতি, অথবা অনুরোধকৃত অন্য কোন উপকরণ

হাই স্কুল নির্দেশকার প্রত্যেকটি কর্মসূচির নিচে অবস্থিত “বাছাইয়ের মাপকাঠি”-তে বাছাইকৃত কর্মসূচির জন্য আবশ্যিক কর্মকাণ্ড তালিকাভুক্ত থাকে।